

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১২, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও অবকাঠামো উন্নয়ন সারচার্জ)

প্রজ্ঞাপন

ঢাকা, ২৬শে শ্রাবণ ১৪০৬/১০ই আগস্ট ১৯৯১

এস. আর. ও নং ২০৫-আইন/৯৯/১৪০২/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এবং অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১) এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, অর্থ বিভাগের ২০শে ফাল্গুন, ১৪০৫ বাৎ মোতাবেক ৪ঠা মার্চ, ১৯৯১ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন নং এস আরও ৪৬-আইন/৯৯/১৭৭৭/শুল্ক রহিত করিয়া উক্ত Act এর FIRST SCHEDULE এর TABLE এর কলাম (1) এ উল্লিখিত নিম্নবর্ণিত Heading Nos. এর বিপরীতে কলাম (2) এ বিধৃত H.S. Codes এর আওতাধীন কলাম (3) এ উল্লিখিত পণ্য-সমূহকে উহাদের উপর আরোপণীয় সমৃদ্ধ আমদানি শুল্ক ও অবকাঠামো উন্নয়ন সারচার্জ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে মওকুফ করিল।

- (১) খুচরা মোড়কজাত (অনধিক ১ কেজি) এবং সরাসরি কৃষক পর্ষায় বিপণনযোগ্য অবস্থায় আমদানিকৃত বীজের ক্ষেত্রে সংশ্লিষ্ট রপ্তানীকারক দেশের সরকারী অথবা সরকার কর্তৃক স্বীকৃত seed certification agency এর নিকট হইতে বীজের জার্মিনেশন রোট, গ্রীষ্ম প্রধান দেশে ব্যবহারযোগ্যতা এবং বপনের সময় ইত্যাদি বিষয় পরিষ্কার ও বিস্তারিত উল্লেখ সহকারে প্রত্যয়ন পত্র শুল্কায়নের পূর্বে সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;

- (২) স্বাভাবিক (অনধিক ২৫ কেজি) ব্যাগজাত বীজ আমদানির ক্ষেত্রে এল, সি খোলার পূর্বে বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের মহাপরিচালক, বীজ এর নিকট হইতে বীজের পরিমাণ ও প্রয়োজনীয়তার বিষয়ে অনুমতি (দুই কপি) গ্রহণ করিতে হইবে এবং শুল্কায়নের সময় শুল্ক কর্তৃপক্ষের নিকট একটি কপি (in original) দাখিল করিতে হইবে;
- (৩) সকল ক্ষেত্রে মোড়ক বা ব্যাগের উপরে "seed for sowing only" লেখাসহ বীজের সংক্ষিপ্ত বিবরণ লিখিত থাকিতে হইবে এবং কোন অবস্থায় মোড়কবিহীন স্তূপাকারে বীজ আমদানি করা যাইবে না।

<u>Heading</u>	<u>H.S. Code</u>	<u>Description</u>
07.13	All H.S. Codes	Different type of pulses (বিভিন্ন প্রকার ডাল)
10.01	1001.10.00	Wheat seeds
	1001.90.10	
12.07	1207.50.00	Mustard seeds
12.09	1209.91.00	Vegetable seeds
	1209.99.00	Onions seeds

২। এই প্রজ্ঞাপন ১লা জুলাই, ১৯৯৯ ইং মোতাবেক ১৭ই আষাঢ়, ১৪০৬ বাং তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
আব্দুল গয়্যূদ চৌধুরী  
সচিব।

মোঃ আব্দুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়,  
ঢাকা কর্তৃক মদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,  
ভেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।